

## ৪র্থ দিন

### একটি যাদুর বই?

#### ধর

মনেকরি যে একটি শক্তিশালি বই আছে, যা বাস্তবতাকে পরিবর্তন করতে পারে। এটিকে অনেক আগে ভুলে যাওয়া হয়েছে। এটার স্বর্নের পাতাগুলোর উজ্জলতা হারিয়ে গিয়েছে, এবং এর সুন্দর খোদাইকরা উপরের পাতাটি ধুলায় ভরে গিয়েছে। কিন্তু এটি আছে, প্রানবন্ত এবং অপেক্ষা করছে কেউ এসে এটিকে আবিষ্কার করার জন্য। যে এই বইটি পড়বে, সে পৃথিবীর মূল্যবান গুপ্তবিষয়গুলো আবিষ্কার করবে, এবং মহাবিশ্ব এর রহস্য সকল জানতে পারবে। এই বইটিকে তোমার হাতে পাওয়ার জন্য তুমি কি করবে? এটার সাথে জরিত হওয়াটা বিপদজনক হতে পারে। যখন তুমি এর পাতাগুলো খুলবে, এটা সবকিছুকে পরিবর্তন করে দিতে পারে।

কিন্তু দাঁড়াও, এমন একটি বই আছে, এটা একটি অবিশ্বাস্য অভিযানের দরজা খুলে দিতে পারে যার এটিকে পাবার এবং পড়ার সাহস আছে। বইটি হল সকল বইয়ের উপরে বই, একক এবং একমাত্র, এবং যার নাম বই এবং বড় অক্ষরের “ব” (বাইবেল মানে বই)।

বাইবেল কেন ব্যতিক্রম? কারণ একি ঈশ্বরের বই, এবং ঈশ্বরের বাক্য। শক্তি এবং প্রজ্ঞার বিষয় কথা বলে। ঈশ্বরের বাক্যের থেকে আর কোন মহৎ বিষয় নেই যা তোমার মাথায় যাবে এবং তোমার হৃদয়কে পরিপূর্ণ করবে।

#### বই

এর পরে পবিত্র আত্মা যীশুকে মরু-এলাকায় নিয়ে গেলেন যেন শয়তান যীশুকে লোভ দেখিয়ে পাপে ফেলবার চেষ্টা করতে পারে। সেখানে চল্লিশ দিন ও চল্লিশ রাত উপবাস করবার পর যীশুর খিদে পেল। তখন শয়তান এসে তাঁকে বলল, “তুমি যদি ঈশ্বরের পুত্র হও তবে এই পাথরগুলোকে রুটি হয়ে যেতে বল।”

যীশু উত্তরে বললেন, “পবিত্র শাস্ত্রে লেখা আছে,

মানুষ কেবল রুটিতেই বাঁচে না,  
কিন্তু ঈশ্বরের মুখের প্রত্যেকটি কথাতেই বাঁচে।”

মথি ৪:১-৪

#### দেখ

তাহলে ঈশ্বরের বাক্য কতটা গুরুত্বপূর্ণ যীশুর অনুসারে?

তাহলে, গল্পের দিকে দেখ। যীশু ৪০ দিন ও রাত কোন খাবার ছাড়া ছিলেন - তিনি ক্ষুধার্থ ছিলেন, এমনকি মৃত্যুর সম্মুখে ছিলেন না খাবার জন্য - এবং তিনি ঈশ্বরের বাক্যকে খাবারের সাথে তুলনা করলেন - ঈশ্বরের বাক্য একজন ক্ষুধার্থ ব্যক্তির কাছে খাবারের মতন!

যীশু ঈশ্বরের বাক্যের গুরুত্ব বুঝতে পেরেছিলেন যা আমরা সহজেই বাদ দিয়ে যাই।

তোমার কি মনে আছে কিভাবে এই পৃথিবী সৃষ্টি হয়েছে? তার এক বাক্যের মাধ্যমে মহাবিশ্ব সৃষ্টি হয়ে গেল। এটি হল শক্তি! ঈশ্বরের বাক্য সকল কিছুর থেকে শক্তিশালী - আসলে, আমরা যা দেখি তা সকলই তার বাক্যের মাধ্যমে হয়েছে! চিন্তা কর কি হতে পারে যদি এই বাক্য তোমার চিন্তায় এবং জীবনে প্রবেশ করে। বাহ্!

## নেও

এখন প্রতিদিন কিছু সময়, তার বাক্য তোমার জীবনে নেবার জন্য পরিকল্পনা কর। হয়তো প্রতিদিন সকালে, কোন কিছু করার আগে, তার বাক্য পড় (হয়ত যোহন লিখিত সুসমাচার দিয়ে শুরু করতে পার), ইহাকে ভালবাস, বিশ্বাস কর, এবং মহৎ কিছু শুরু হবার জন্য আশা কর।

যাহোক, তুমি চমৎকার!

ডঃ অ্যান্ডি